ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

আনন্দবাজার প...

# হাওড়া ও হুগলি

আনন্দবাজার পত্রিকা

সোমবার ২২ মে ২০২৩

গ্রামোফোন সংস্থায় শিল্পী, গীতিকার, সুরকার ছিলেন কাজী নজরুল ইসলাম। ধীরেন দাস ছিলেন শিল্পী ও সঙ্গীত-প্রশিক্ষক। কোনও গান একবার শুনেই কণ্ঠে ধারণ করার অসামান্য ক্ষমতার জন্য নজরুল তাঁকে বলতেন 'শ্রুতিধর'। দু'জনের ছিল দাদা-ভাই সম্পর্ক। নজরুল গান শিখিয়ে দিতেন ধীরেনকে। ধীরেন ...া অন্য শিল্পীদের তুলিয়ে দিতেন। ...৯৩০ সালে এক দিন ওই সংস্থায় বসে ...ন্দর পৃথিবীতে থাকবেন না, তাঁদের ...রনের আর্জি, নজরুল যেন তাঁদের ...বিতা পড়েই মানুষ তাঁদের সম্পর্কের ...ষ্ঠার কবিতা লিখলেন। প্রথম পাতায় ...। শ্রীমান ধীরেন্দ্র দাস কল্যাণীয়েষু...'। ...র ছেলে অরবিন্দ দাস সম্প্রতি তুলে ...র্ণধার অরিন্দম সাহা সরদারের হতে। ...ট জীবনস্মৃতিতে 'নজরুল ভাণ্ডার'



## নাটক শেখা

কচিকাঁচাদের নিয়ে নাটক প্রশিক্ষণ শিবির করল উলুবেড়িয়ার সদ্য গঠিত নাট্যগোষ্ঠী 'ট্রাঙ্ক রোড থিয়েটার'। গত ১৫ থেকে ২০ মে ইনস্টিটিউট হলে ওই প্রশিক্ষণে যোগ দিয়েছিল প্রথম থেকে দ্বাদশ শ্রেণির ১৭ জন ছাত্রছাত্রী। মূল উদ্যোক্তা সঙ্গীতা দত্ত ও পল্লব সরকার। দু'জনেরই নাটক করার দীর্ঘ অভিজ্ঞতা। নাটকে স্নাতকোত্তর সঙ্গীতা বলেন, "দীর্ঘ দিন নাটক করতে গিয়ে দেখেছি, নতুনরা আসছেন না। ছাত্রাবস্থা থেকে নাটকে আগ্রহ তৈরি করা গেলে খরা মিটতে পারে।" নাটক শিখে খুশি প্রথম শ্রেণির সমাদৃতা ঘোষ, অষ্টমের শরণ্যা সামুইরা।

কাজীডাঙ্গা, জে, এল, ...
কলাবাগান ইত্যাদি ঘা...
দরখাস্তকারীগনের
ভারপ্রাপ্ত উকিল
শ্রী সমীর কুমার চ...

শোরুম:
contact:
প্রয়োজ...
প্রতি রবিবারে...

ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

আনন্দবাজার পত্রিকা

আনন্দবাজার পত্রিকা সোমবার ১৯ মে ২০২৫

# গাঙভূমের কড়চা

## আলোচনায় রবীন্দ্রনাথ

গত ৩ মে উলুবেড়িয়া ইনস্টিটিউট ও লাইব্রেরি হলে 'নব রবি কিরণে' শীর্ষক অনুষ্ঠান হল। মূল বিষয় ছিল কবি তন্ময় চক্রবর্তী এবং কবি পার্থজিৎ চন্দের অনুভবে 'চির নবীন কবি' শিরোনামে আলোচনাসভা। বর্তমান সময়েও দেশ-বিদেশে রবীন্দ্রনাথ ঠাকুর কী ভাবে উজ্জ্বল হয়ে আছেন, সে বিষয়ে আলোকপাত করেন তন্ময়। রবীন্দ্রনাথের গান নিয়ে বক্তব্য পেশ করেন পার্থজিৎ। এ ছাড়াও ছিল উলুবেড়িয়া ইনস্টিটিউট ও ট্রাঙ্ক রোড থিয়েটারের স্থায়ী নাট্য কর্মশালার শিশু-কিশোরদের অভিনীত নাটক 'বীরপুরুষ'। অনুষ্ঠানের উদ্যোক্তা ইনস্টিটিউট অ্যান্ড লাইব্রেরির সেমিনার উপসমিতির দায়িত্বে থাকা সঙ্গীতা দত্ত জানান, মানুষের সাংস্কৃতিক চেতনার প্রসার ঘটাতেই এই আয়োজন।

ইন্টারনেট সংস্করণ: https://bartama...

বর্তমান

কলকাতা, শনিবার ২৯ মার্চ ২০২৫, ১৫ চৈত্র ১৪৩১

বর্ধমান, পাঁশ...

গো-সম্পদ বিকাশ সংস্থা।

হুগলি জেলা পরিষদের প্রাণিসম্পদ বিভাগের কর্মাধ্যক্ষ নির্মাল্য চক্রবর্তী বলেন, এই প্রথম এ ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। বড় আকারের অনুষ্ঠান থেকে আর্থিক পুরস্কার প্রদান, সবই প্রথম হচ্ছে। এই উদ্যোগ কৃত্রিম প্রজননের সঙ্গে যুক্ত কর্মীদের উৎসাহিত করবে। কাজের প্রতি তাঁদের আগ্রহ বাড়বে। জেলায় প্রাণী প্রজনন ও দুধ উৎপাদনের ক্ষেত্রে স্বনির্ভর হওয়ার লক্ষ্য নিয়ে আমরা চলছি। সেই লক্ষ্য পূরণে পশ্চিমবঙ্গ গো-সম্পদ বিকাশ সংস্থার এই উদ্যোগ কার্যকরী ভূমিকা নেবে। উল্লেখ্য, রাজ্যের মোট ১ হাজার ৩১ জন গো-প্রজনন কর্মীকে পুরস্কৃত করা হবে।

লক্ষ টাকার প্রতারণায় অভিযুক্ত।

## স্মারক বক্তৃতা

সংবাদদাতা, উলুবেড়িয়া: সম্প্রতি উলুবেড়িয়া ইনস্টিটিউট অ্যান্ড লাইব্রেরির উদ্যোগে ব্রেথট স্মারক বক্তৃতার আয়োজন করা হয়েছিল। এই স্মারক বক্তৃতার এটাই ছিল দ্বিতীয় বর্ষ। উলুবেড়িয়া ইনস্টিটিউট অ্যান্ড লাইব্রেরির হলঘরে অনুষ্ঠানে বক্তৃতার বিষয় ছিল 'লোকনাট্যের পরম্পরা'।

# ...খাটালের গোবরে দুর্বিষহ ...তলার ৩টি ওয়ার্ডে ক্ষোভ

...পিছলে পড়লে দুর্দশার ...। আলমপুরের বাসিন্দা ...লেন, দাদুর সময় থেকে নেতাদের কাছে বহুবার দরবার করেও কিছুই হয় না। তিনি জানান, এখানে সব মিলিয়ে কয়েকশো খাটাল নিকাশিতে ফেলা হয়, সেই তুলনায় তুলে নিয়ে যাওয়ার পরিমাণ খুব সামান্য। ফলে গোবর জমছেই। জানি না কবে এই দুর্বিষহ অবস্থা থেকে রেহাই মিলবে।

Tender Refer...

| Sl. No | |
|---|---|
| 1 | Proposed Co... Madarsa Jab... Churchu, Vill... |
| A. | Date of P... |
| B. | Last d... |
| C. | Name & ... |
| D. | Contac... |
| E. | Helpline... |

Further details and ...
http://jharkhandtend...

PR 349523 Buildi...

# এই সময়

রাজনৈতিক সংবাদ ও আপডেটেড খবরে No.1*

সংবাদপত্র

সময় রাখতে ফোন করুন টোল ফ্রি ১৮০০ ১২০০ ০০৪ অথবা ক্লিক করুন subscribe.timesgroup.com

YOUNG BENGAL GLOBAL BENGALI

*আইএমআরবি সার্ভে, এপ্রিল ২০১৫-র ভিত্তিতে রাজনৈতিক খবরের ক্ষেত্রে এই সময় ও আনন্দবাজার পত্রিকা এবং এই সময় ও বর্তমান-এর দ্বৈত পাঠকদের মধ্যে এক নম্বর


## উলুবেড়িয়ায় বাংলার প্রাচীন নবান্ন উৎসব





৩৬৫ দিন। নবান্ন গ্রাম বাংলার এক প্রাচীন উৎসব। আর রবিবার সেই নবান্ন উৎসব পালিত হল উলুবেড়িয়ায়। এদিন উলুবেড়িয়া ইনস্টিটিউট অ্যান্ড লাইব্রেরির উদ্যোগে লাইব্রেরির সভাগৃহে এই উৎসব পালিত হল। উৎসবে পিঠে পুলি পায়েস ছাড়াও হস্তশিল্পের বিপনীর স্টল ও ছিল। অনুষ্ঠানে শিল্পীদের হাতে আঁকা কুলোর উপর শিল্পসৃজন উৎসবে অন্য মাত্রা যোগ করেছিল। সংস্থার সাধারন সম্পাদক অশোকবরণ চক্রবর্তী জানান মূলত গ্রাম বাংলার প্রাচীন এই সংস্কৃতির আনন্দ সকলের সঙ্গে ভাগ করে নিতেই এই নবান্ন উৎসবের আয়োজন। পাশাপাশি নতুন প্রজন্মের কাছে শিল্পসৃজনের ভাবনা ছড়িয়ে দিতে এই উদ্যোগ।

## সামার ক্যাম্পে নাটক

এই সময়, উলুবেড়িয়া: শিশুদের নাটকের পাঠ দিতে উদ্যোগ নিল উলুবেড়িয়া ট্রাঙ্ক রোড থিয়েটার। স্কুলে গরমের ছুটির সময় শিশুদের জন্য উলুবেড়িয়া ইনস্টিটিউট ও ট্রাঙ্ক রোড থিয়েটারের যৌথ উদ্যোগে আয়োজিত হয় পাঁচদিনের এই ড্রামা সামার ক্যাম্প।

পাঁচদিনের এই ক্যাম্পে অভিনয়ের পাঠ নিতে হাজির হয়েছিল ১৭ জন কচিকাঁচা। অংশগ্রহণ করেছিল



ক্লাস ওয়ান থেকে একাদশ শ্রেণির পড়ুয়ারা। ক্যাম্পে প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন নাট্যব্যক্তিত্ব অভিষেক দত্ত। উদ্যোক্তা পল্লব সরকার বলেন, 'উলুবেড়িয়ায় নাট্যচর্চার একটা ঐতিহ্য রয়েছে। সেই নাট্যচর্চা নব প্রজন্মের কাছে ফিরিয়ে আনতে এই প্রয়াস।'


# বর্তমান

কলকাতা, মঙ্গলবার ২৩ মে ২০২৩, ৮ জ্যৈষ্ঠ ১৪৩০


## উলুবেড়িয়ায় 'ড্রামা সামার ক্যাম্প'

সংবাদদাতা, উলুবেড়িয়া: নাট্যচর্চায় উলুবেড়িয়ার দীর্ঘদিনের ঐতিহ্য রয়েছে। যদিও এই নাট্যচর্চা এখন অনেকটাই হারিয়ে যেতে বসেছে। সেই ঐতিহ্য ফিরিয়ে আনার উদ্যোগ নিল শতাব্দী প্রাচীন উলুবেড়িয়া ইনস্টিটিউট অ্যান্ড লাইব্রেরি এবং ট্রাঙ্ক রোড থিয়েটার। পড়ুয়াদের নিয়ে সপ্তাহ ব্যাপী নাট্য প্রশিক্ষণ শিবির হল। উলুবেড়িয়া ইনস্টিটিউট অ্যান্ড লাইব্রেরি হলে এই 'ড্রামা সামার ক্যাম্প'-এ প্রথম থেকে একাদশ শ্রেণি পর্যন্ত ১৭ জন পড়ুয়া অংশ নেয়। সুকুমার রায়ের বিখ্যাত নাটক লক্ষ্মণের শক্তিশেল অভিনয়ের মধ্যে দিয়ে শিবিরের সমাপ্তি হয়। শিবিরে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন অভিষেক দত্ত। গ্রীষ্মের ছুটিতে পড়ুয়াদের নিয়ে এই অভিনব উদ্যোগ সম্পর্কে ট্রাঙ্ক রোড থিয়েটারের যুগ্ম সম্পাদক পল্লব সরকার জানান, উলুবেড়িয়ায় নাটক নিয়ে এই ধরনের উদ্যোগ এই প্রথম। আগামী বছরগুলিতে গ্রীষ্মের ছুটিতে এইরকম উদ্যোগ ফের নেওয়া হবে।



ড্রামা ক্যাম্পে চলছে প্রশিক্ষণ। -নিজস্ব চিত্র